




নং-৮২.০০.০০০০.০৬২.১৮.০২৭.২০.৫৪

তারিখ ১০.১১.২০২০ খ্রিঃ

### অফিস আদেশ

সংসদীয় জবাবদিহিতা জোরদারকরণের লক্ষ্যে সাংবিধানিক অডিট কার্যক্রম অধিকতর সুচারুরূপে সম্পাদন এবং বিসিএস (অডিট এন্ড একাউন্টস) ক্যাডার কর্মকর্তাগণের পেশাগত উৎকর্ষ বৃদ্ধির জন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) মহোদয় আগস্ট/২০২০ খ্রিঃ মাসে ১৪ কর্মদিবসব্যাপী সমন্বয়যোগী মূল্যবান প্রশিক্ষণ প্রদান করেন। সিএজি কার্যালয়ের স্মারক নম্বর সিএজি/এমআইএস/বিবিধ/পত্রযোগাযোগ/ ২৪(পার্ট-১)/২০১৯ তারিখঃ ০৩/০৯/২০২০ খ্রিঃ অনুযায়ী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের মধ্যে ১৩ তম বিসিএস হতে ৩৬ তম বিসিএস ব্যাচ পর্যন্ত কর্মকর্তাগণের (গ্রেড-৩ ব্যতীত) মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনা দেওয়া হয়। চলমান করোনা পরিস্থিতি, ক্যাডার কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের নিরীক্ষা কাজে অধিকতর সম্পৃক্ততা এবং মূল্যায়নের প্রস্তুতি গ্রহণে আরো সময় প্রদানের অনুরোধের প্রেক্ষিতে উক্ত মূল্যায়ন বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা আদিষ্ট হয়ে প্রদান করা হলোঃ

১. সিএজি মহোদয় কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের উপর ১৩ তম বিসিএস হতে ৩৬ তম বিসিএস ব্যাচ পর্যন্ত কর্মকর্তাগণের (গ্রেড-৩ ব্যতীত) আগামী ১৫ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষা সাময়িকভাবে স্থগিত করা হলো। উক্ত পরীক্ষার সময়সূচি পরবর্তীতে অবহিত করা হবে।
২. বর্ণিত লিখিত পরীক্ষার প্রস্তুতি আরো সমৃদ্ধ করতে কর্মকর্তাগণ পরস্পরের সঙ্গে যোগাযোগ করে বিষয়ভিত্তিক আলোচনা ও পড়ালেখা অব্যাহত রাখবেন।
৩. বিসিএস (অডিট এন্ড একাউন্টস) ক্যাডার কর্মকর্তাগণের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও অর্পিত দায়িত্ব যথাযথ প্রতিপালনের নিমিত্ত সিএজি মহোদয় প্রত্যেক সপ্তাহে ৩ (তিন) দিন সকাল ৯.০০ হতে ১০.১৫মি. পর্যন্ত অনলাইন প্ল্যাটফর্মে বিবিধ বিষয়ে আলোচনা করবেন। উক্ত আলোচনার সময়সূচি সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে অবহিত করা হবে।

  
(মোঃ মাহবুবুল হক)

ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর)  
ফোনঃ ৮৩২২০৬৪